"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ,সিলেট

## আগষ্ট/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৯ তম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ইকবাল আহমদ চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ ।
স্থান ঃ Zoom এর মাধ্যমে সভা ।
সভার তারিখ ও সময় ঃ ২৫ আগষ্ট ২০২১ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ইং অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-৪৪০ তারিখঃ ০৫/০৮/২০২১ইং মূলে ১ম কিস্তি হিসাবে ২৩.০১ লক্ষ টাকা অর্থ বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম কিস্তির সহিত সামঞ্জস্য রেখে এরুপ মোট ৪(চার) কিস্তিতে মোট ৯২.০৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। থোক বরাদ্দ ও রাজস্ব উদ্বৃত্ত দ্বারা ২০২১-২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী খাতওয়ারী স্কীমের তালিকা দাখিল করার জন্য তিনি সভায় উপজেলা পরিষদকে অনুরোধ করেন।<br><br>তিনি আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ তারিখঃ ১৬/০৮/২০২১ইং মূলে কোভিড-১৯ করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সাধারণ জনগণের মাঝে বিনা মূল্যে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, অ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলেন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণের জন্য ৪.০৫ লক্ষ টাকা স্পেশাল থোক বরাদ্ধ পাওয়া গিয়েছে। এ বিয়য়ে সদয় সিদ্ধান্তের জন্য তিনি পরিষদকে অনুরোধ করেন।<br><br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদ প্রাঙ্গণে বিদ্যমান মরা, ঝরে উপড়ে পড়া ও বিনিষ্টযোগ্য গাছ সমূহ অপসারণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ, সিলেটকে মূল্য নির্ধারনের জন্য পত্র প্রেরণ | ২০২১-২২ইং অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে (এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী খাতওয়ারী বিভাজন মোতাবেক স্কীমের তালিকা রেজুলেশনসহ যথাশীঘ্র সংশ্লিষ্ট সকলকে দাখিল করার জন্য পরিষদ কর্তৃক অনুরোধ করা হলো এবং কোভিড-১৯ করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক সামগ্রী প্রয়োজন অনুযায়ী RFQ পদ্ধতিতে ক্রয় কার্যক্রম সম্পন্ন করার | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১ | | করা হলে তিনি তাঁর দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.৬৭২.১৭.০০৬.২১-২৫৪৭ তারিখঃ ১৫/০৭/২০২১ইং মূলে ৬০টি মরা/শীর্ণ, উপড়ে পড়া ও ঝুকিপূর্ণ বৃক্ষের মূল্য নির্ধারন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবরে দাখিল করেছেন। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগের, উপ-২ শাখা এর স্মারক নং- উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ তারিখে ১৫/০৮/২০০৭ইং মারফত জারীকৃত পরিপত্র অনুযায়ী গঠিত কমিটি গত ২৮/০৮/২০২১ইং তারিখে সভা আহবান করেন এবং উক্ত সভায় ৬০টি বৃক্ষ সহ রানাপিং ভূমি অফিসের ক্যাম্পাসটিও অত্র উপজেলার ক্যাম্পাসের মধ্যে বিদ্যমান বিধায় উক্ত ভবনের সামনে উপড়ে পড়া ২টি বৃক্ষ অপসারন জরুরী বিধায় মোট ৬২টি বৃক্ষ অপসারনের জন্য সর্বসম্মত সিদ্ধান্তে উপনিত হয়েছেন। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের চুড়ান্ত অনুমতি গ্রহণ সাপেক্ষে উক্ত বৃক্ষ রাশি অপসারন করার বিধান রয়েছে এবং সে ক্ষেত্রে উপজেলা উন্নয়ন ও সমন্বয় সভায় বিষয়টি অনুমোদিত হতে হয় বিধায় তিনি পরিষদে ইহা উপস্থাপন করেন। | জন্য পরিষদে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদ প্রাঙ্গণে দূর্ঘটনা এড়ানোর এবং পাশাপাশি মনোরম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে মরা, উপড়ে পড়া ও ঝুকিপূর্ণ গাছ সমূহ অপসারণের বিষয়ে পরিষদ সকলের বক্তব্য গ্রহণ করেন। সকলেই বিষয়টি গুরুত্বপূর্ণ ও জনস্বার্থে সংশ্লিষ্ট বলে মতামত প্রদান করেন। ফলে ৬২টি গাছ অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ৬২টি গাছের পরিবর্তে ১২৪টি গাছ রোপনের উদ্যোগ গ্রহণ করার জন্য পরিষদ বন ও পরিবেশ উন্নয়ন কমিটিকে পরামর্শ প্রদান করেন। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ২৪/০৮/২০২১ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৪০৪২ জন, মোট আক্রান্ত ঃ ৯৮১ জন, মোট সুস্থ ৮১২ জন, মোট মৃত্যু ১৯ জন, বর্তমানে আইসোলেশন ১৫০ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা প্রদান : ১৬৬৩৪ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ২৫২৬ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৬৮৫০ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৬৩৫১ জন। আমরা হাসপাতালে আসা রোগীকে মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা, স্বাস্থ্যবিধি ও অন্যান্য সচেতনতা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করি। তা ছাড়া করোনা পজিটিভ রোগীকে চিকিৎসা প্রদানসহ স্বাস্থ্যবিধি মেনে আইসোলেশন এ থাকার পরামর্শ প্রদান করা হয় | কোভিড টিকা কমিটির সভা ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আয়োজন সহ বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল |
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, কোভিড-১৯ উপলক্ষে অসহায়, দুঃস্থ ও অতিদরিদ্র মানুষের ৩৩৩ এ ফোন কলের অনুরোধের প্রেক্ষিতে খাদ্য সহায়তা বিতরন অব্যাহত আছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে | ৩৩৩ এর বরাদ্দ সঠিকভাবে বিতরন এবং অনলাইনে ৩৩৩ সংক্রান্ত রিপোর্ট সহ বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, জুলাই/২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৮,৯৯২, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,২৭৯, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৮.১৩%, গর্ভকালীন সেবা ৬৮৪ জন, প্রসব সেবা ৪৫ জন, গর্ভোত্তর সেবা ২৩৯ জন, শিশু সেবা ৬৪০জন, সাধারন রোগী ২৫৯০ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ১৬৮ | পরিবার পরিকল্পনা মাঠ পর্যায়ে আরো গতিশীল রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৯৮ জন। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | | |
| ২/৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আউশ এর কর্তন কার্যক্রম চলমান রয়েছে এই পর্যন্ত ৬০% কর্তন হয়েছে। রোপা আমন এর আবাদ ১১১৫০ হেঃ রোপা আমনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। ইতিমধ্যে রোপ আমন এর আবাদ হয়েছে ১০৬০০ হেঃ। আবাদ কার্যক্রম চলমান রয়েছে। চলতি রোপ আমনের সার ও কীটনাশকের মজুদ পর্যাপ্ত রয়েছে। খামার যান্ত্রিকীকরন প্রকল্পের মাধ্যমে কৃষি যন্ত্রপাতি ৭০% ভূতুকি মূল্যে বিতরনের লক্ষ্য কৃষকদের নিকট হতে চাহিদা সংগ্রহ করা হচ্ছে। ১৩ টি যন্ত্র এই প্রকল্পের মাধ্যমে সহায়তা প্রদান করা হবে। সকল ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়ের নির্ধারিত ফরমে আগ্রহী কৃষকদের তালিকা সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো। গোলাপগঞ্জে প্রথম বারের মত বানিজ্যিক কৃষি পন্য কাজুবাদাম ও কফির বাগান স্থাপন করার জন্য একটি প্রকল্পের কার্যক্রম শুরু রয়েছে। এই প্রকল্পের মাধ্যমে এই মৌসুমেই বাগান স্থাপন কার্যক্রম শুরু হবে। এতে সকলের সহযোগীতা কামনা করা হয় | কৃষকদের খামরীতে উদ্ধৃত্ত করা সহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৬ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ আগামী ২৮ আগষ্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত সারাদেশ ব্যাপি উদযাপিত হবে। এই উপলক্ষে উপজেলা মৎস্য দপ্তর বিভিন্ন কার্যক্রম গ্রহন করেছেন। এই কার্যক্রমকে সার্থক করার জন্য সবার সহযোগীতা কামনা করেন | কারেন্ট জাল যাতে কেউ ব্যবহার করতে না পারে সে দিকে দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), গোলাপগঞ্জ, সিলেট হিসেবে দায়িত্ব গ্রহন করায় সকলের সহযোগিতা কামনা করে স্বীয় পরিচয় প্রদান করেন এবং জানান যে দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, উপজেলা শিক্ষা অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের Google meet পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া যাদের স্মার্ট মোবাইল নেই সে সকল ছাত্র/ছাত্রীদের সাথে শিক্ষক/শিক্ষিকা মোবাইল ফোনের মাধ্যমে পাঠদান কার্যক্রম চালু রেখেছেন। প্রত্যেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক গন ওয়ার্ক সিট বিতরন ও তা মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গোলাপগঞ্জ উপজেলায় সকল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানে এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে। বর্তমানে ২৫/০৮/২০২১ ও ২৬/০৮/২০২১তারিখ দুইদিন শিক্ষার্থীদের ইউনিক আইডি সংক্রান্ত প্রতিষ্টান প্রধান ১১ জন ও একজন সহকারী শিক্ষক ১২ জন সহ সর্বমোট ৬০ জন শিক্ষক এর প্রশিক্ষন কার্যক্রম চলছে। তাছাড়া নায়েম কর্তৃক শিক্ষদের প্রফেশনাল প্রশিক্ষন আগামী ৪/৯/২০২১ থেকে ৯/৯/২০২১ খ্রিঃ পর্যন্ত চলবে সরকারী এমসি একাডেমীতে। সকল প্রতিষ্টানে অনলাইন ক্লাশ চলছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৩য় কিস্তি) ২৮৬ টি পানির উৎসের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত পানির উৎসের ৫০% অর্থাৎ ১৪৩ টির স্থান নির্বাচনের তালিকা মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট ৫০% অর্থাৎ ১৪৩ টি পানির উৎসের স্থান নির্বাচন উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (২য় কিস্তি) এর কাজ চলমান আছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০১ টি TSP নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। বন্যা মৌসুম | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারীপ্রকৌশলী(জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান। বন্যার পূর্ব প্রস্তুতি হিসেবে অত্র দপ্তরে দশ হাজার পানি বিশুদ্ধকরন ট্যাবলেট মজুদ আছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | | (সকল)। |
| ২/ ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০২১-২২ চক্রের আগষ্ট মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়া সম্পন্ন হয়েছে। ৮ আগষ্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯১ তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার যৌথ আয়োজনে। উক্ত দিবস উপলক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের পক্ষ থেকে ০৭ (সাত) জন দুঃস্থ মহিলাকে সেলাই মেশিন প্রদান করা হয় এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নগদে ২০০০ টাকা করে (দুই) জন মহিলাকে অর্থ সাহায্য প্রদান করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে গত ১৫/০৮/২০২১ ইং তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকীতে প্রশিক্ষিত বেকার যুবক ও যুব নারীদের মধ্যে বিভিন্ন প্রকল্পের অনুকূলে ৫,৫০,০০০/- টাকার যুব ঋনের চেক বিতরন করেন। চলমান অর্থবছরে এখনও ভ্রাম্যমান প্রশিক্ষন শুরু হয় নাই। উল্লেখ্য যে স্বাস্থ্য বিধি মেনে আগামী মাস থেকে প্রশিক্ষন শুরু হবে বলে সভাকে জানান। অন্যান্য সার্বিক যুব কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের প্রথম কিস্তির ভাতা ১০/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে বিতরনের নির্দেশনা রয়েছে। G2P তে ভাতাভোগীদের তথ্য সংশোধন ও প্রতিস্থাপনের জন্য প্রত্যেক চেয়ারম্যানগণের ইমেইল এ ওয়াড ভিত্তিক সকল তথ্য প্রেরণ করা হয়েছে। যদি কোন ভুল ত্রুটি পরিলক্ষিত হয় তাহলে দ্রুত উপজেলা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য সম্মানিত চেয়ারম্যানগণদের অনুরোধ করা হলো। শেখ ফজিলাতুন মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষন কেন্দ্র ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপনের জন্য সমাজসেবা অধিদপ্তর থেকে ১০ শতাংশ জায়গা নির্ধারনের নির্দেশনা রয়েছে। তাই ১০ শতাংশ জায়গা উক্ত ৬ তলা বিশিষ্ট কমপ্লেক্সের জন্য নির্ধারনের জন্য পরিষদ বরাবর অনুরোধ করা হল | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আগষ্ট/২০২১ মাসে ঋণ আদায় ৬.৬৪ লক্ষ টাকা এবং ঋণ বিতরন ৭.৫৮ লক্ষ টাকা। এ ছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ্য(২০২০-২১) সমিতি ১৩২, সম্পাদন-১০ টি, সম্পাদনের বাকী ১২২। ধার্য্যকৃত অডিট ফি ও সিডিএফ ৫৪,৬২৩/-, আদায় ৫৪,৬২৩/-, আদায়ের বাকী নাই। নির্বাচনযোগ্য সমিতি (২০২১-২২) ১৮ টি, নির্বাচন অনুষ্ঠিত ০২ টি, অনুষ্টানের বাকী ১৬ টি। সমিতি পরিদর্শন (লক্ষ্যমাত্রা) ৬০ টি, অর্জন ৬টি, অর্জনের বাকী ৫৪ টি। সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (লক্ষ্যমাত্রা) ১৫০ জন অর্জন ১২ জন, অর্জনের বাকী ১৩৮। বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে চলছে | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, করোনাকালীন লকডাউনে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের মানুষদের সহায়তা প্রদানের জন্য গোলাপগঞ্জ পৌরসভায় ৪ টি ডিলার পয়েন্ট থেকে ও এমএস কার্যক্রম চলমান আছে। উল্লেখ্য ও এমএস কার্যক্রমে একজন ভোক্তা ৩০ কেজি দরে সর্বোচ্চ ৫ কেজি চাল এবং ১৮ টাকা কেজি দরে সর্বোচ্চ ৫ কেজি আটা ক্রয় করতে পারবেন। এই কার্যক্রম মাস ব্যাপী চলবে। বোরো মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে। আশাকরি নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবো। তাছাড়া দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | বন বিভাগের মাসিক প্রতিবেদন প্রেরন এবং বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবে | উপজেলা বন কর্মকর্তা /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৮ | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় উপজেলা সমন্বকারী আমার বাড়ি আমার খামার প্রকল্প ও ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী সচেষ্ট থাকবেন | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/১৯ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৪। নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | | জনাব ফাহিমা বেগম, মালিকে ঈদুল আযহার উৎসব ভাতা বাবদ ৬০৫০/- টাকার চেক প্রদান, চেক নং ০২২২৮৮৭, তাং ১৮/০৭/২০২১ ইং। ব্যবস্থাপক, ডাচ বাংলা ব্যাংক লিঃ এর অনুকূলে দফাদারদের যাতায়াত ভাতা বাবদ ১০৪৪০০/- টাকার চেক প্রদান, চেক নং ০২২২৮৮৮, তাং ৭/৭/২০২১ ইং | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সকলকে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের সভার তারিখের ০৩ (তিন দিন) পূর্বে কার্যপত্র সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য পুনরায় অনুরোধ করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইকবাল আহমদ চৌধুরী)
চেয়ারম্যান
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট জেলা।

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৬২৮ তারিখ ঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, ------------------------------------ সিলেট।
০৬। উপজেলা ---------------------------- অফিসার, গোলাপগঞ্জ।
০৭। চেয়ারম্যান----------------------------------------- ইউ/পি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/মাস্টার ফাই

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
☎ ০৮২২৭-৫৬০৩১
ইমেইলঃunogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধি বৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | নাজিরা বেগম শিলা,মহিলা ভাইসচেয়ারম্যান | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান , ০১ নং বাঘা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ১০ নং উত্তর বাদেপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১২ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০৩ | | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রকৌশলী,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা ,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৪ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩০ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩১ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন পরিষদ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০২ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |

মোঃ গোলাম কবির
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ,সিলেট।